# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২৪-২০২৫/১৬৬ তারিখ ঃ ১৫/০১/২০২৫ খ্রিঃ

## হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি ঃ ০৫/২০২৪-২০২৫

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জয়পুরহাট পৌরসভার নিয়ন্ত্রণাধীন খনজনপুর বাজার, গুলশানমোড় পাইকারী বাজার, মাছুয়া বাজার, পূর্ব বাজার ও নতুনহাট গো-হাটিসহ হাট বাজারগুলি বাংলা ১৪৩২ সালের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে সরকারী হাট-বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের তারিখঃ ২১ সেপ্টেম্বর ২০১১ খ্রিঃ নীতিমালা মোতাবেক শর্ত সাপেক্ষে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সীলমোহরযুক্ত খামে হাট-বাজারের নাম উল্লেখপূর্বক আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | সরকারী মূল্য | দরপত্র সিডিউলের বিক্রয় মূল্য (অফেরতযোগ্য) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | খনজনপুর বাজার | ৩,৭৫,০০০.০০ (তিন লক্ষ পঁচাত্তর হাজার) টাকা মাত্র | ১,৪০০.০০ (এক হাজার চারশত) টাকা মাত্র। | |
| ০২ | গুলশানমোড় পাইকারী বাজার | ১০,০০,০০০.০০ ( দশ লক্ষ) টাকা মাত্র | ২,৬০০.০০ (দুই হাজার ছয়শত) টাকা মাত্র। | |
| ০৩ | মাছুয়া বাজার | ২,৭৫,০০০.০০ (দুই লক্ষ পঁচাত্তর হাজার) টাকা মাত্র | ১,২০০.০০ (এক হাজার দুইশত) টাকা মাত্র। | |
| ০৪ | পূর্ব বাজার | ২,২৫,০০০.০০ (দুই লক্ষ পঁচিশ হাজার) টাকা মাত্র | ১,২০০.০০ (এক হাজার দুইশত) টাকা মাত্র। | |
| ০৫ | নতুনহাট গো-হাটিসহ বাজার | ২,৪১,০৮,৩৬২.০০ (দুই কোটি একচল্লিশ লক্ষ আট হাজার তিনশত বাষট্টি) টাকা মাত্র | ৪৯,০০০.০০ (উনপঞ্চাশ হাজার) টাকা মাত্র। | |

**দরপত্র বিক্রয় ও দাখিলের সময়সূচী**

| বিবরণ | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম বার | ১৩/০২/২০২৫ খ্রিঃ | ১৬/০২/২০২৫ খ্রিঃ বেলা ১:০০ টা পর্যন্ত | ১৬/০২/২০২৫ খ্রিঃ বেলা ৩:০০ টা | উল্লেখিত তারিখ অনুযায়ী পর্যায়ক্রমে দরপত্র গ্রহন অব্যাহত থাকবে, তবে কোন হাট-বাজারের দরপত্র অনুমোদিত হলে পরবর্তীতে উক্ত হাট-বাজারের দরপত্র আহ্বান সংক্রান্ত সকল কার্যক্রম বন্ধ বলে গণ্য হবে। |
| ২য় বার | ০৩/০৩/২০২৫ খ্রিঃ | ০৫/০৩/২০২৫ খ্রিঃ বেলা ১:০০ টা পর্যন্ত | ০৫/০৩/২০২৫ খ্রিঃ বেলা ৩:০০ টা | |
| ৩য় বার | ২০/০৩/২০২৫ খ্রিঃ | ২৩/০৩/২০২৫ খ্রিঃ বেলা ১:০০ টা পর্যন্ত | ২৩/০৩/২০২৫ খ্রিঃ বেলা ৩:০০ টা | |

**শর্তাবলী ঃ**

১। দরপত্র সিডিউল উল্লেখিত তারিখে অফিস চলাকালীন সময় পর্যন্ত অত্র পৌরসভা কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, পুলিশ সুপারের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর এর কার্যালয়, জয়পুরহাট হতে নগদ মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। সরকারী ছুটির দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক দরপত্র সিডিউল ক্রয় করতে হবে।

২। দরপত্র সমূহ বেলা ১:০০ ঘটিকা পর্যন্ত জয়পুরহাট পৌরসভা কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় ও পুলিশ সুপারের কার্যালয় জয়পুরহাটে রক্ষিত দরপত্র বাক্সে ইজারা দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে গ্রহণ করা হবে এবং উক্ত তারিখে বেলা ৩:০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে অথবা তাদের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) জয়পুরহাট পৌরসভা কার্যালয়ে দরপত্র বাক্স খোলা হবে।

৩। দরপত্রদাতাকে তার দাখিলকৃত দরের ৩০% টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে (চেক গ্রহণযোগ্য নহে) প্রশাসক, জয়পুরহাট পৌরসভা বরাবরে দরপত্রের সাথে জমা দিতে হবে। দরপত্র গৃহীত হলে উক্ত জমাকৃত অর্থ থেকে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। দরপত্রদাতার দর গ্রহণ হলে তা অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে ইজারামূল্যের অবশিষ্ট সমুদয় অর্থ ১৫% ভ্যাট ও ১০% আয়করসহ একযোগে জমা দিতে হবে। অন্যথায় জামানত বায়েজাপ্তসহ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

E:\DOCUMENTS-2\Hat -Bazer\Hat-Bazar Tender- 1432.doc

CamScanner

৪। কৃতকার্য ইজারাদারকে বিধি মোতাবেক ৩০০(তিনশত) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে বিভিন্ন দফাওয়ারী চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তিপত্র সম্পাদনের পরে কৃতকার্য ইজারাদারকে হাট-বাজারের দখল বুঝে দেওয়া হবে।

৫। সরকারী বিধি বিধান অনুযায়ী টোল আদায় করতে হবে।

৬। যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান দরপত্র দাখিল করতে পারবেন, তবে ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে ব্যবসায়িক হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি দরপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

৭। হাট-বাজারের অভ্যন্তরে গণ-শৌচাগার অত্র ইজারা বহির্ভূত থাকবে।

৮। অত্র ইজারা দরপত্র বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্ত। বিস্তারিত তথ্যের জন্য অত্রাফিসের প্রকৌশল বিভাগ ও বাজার শাখায় যোগাযোগ করা যেতে পারে।

৯। কোনরূপ কারন দর্শানো ব্যতিত যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৫/০১/২৫

প্রশাসক

জয়পুরহাট পৌরসভা

ফোন নং ঃ ০২৫৮৯৯১৫১৪৭

mayorjoypurhat@yahoo.com

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২৪-২০২৫/১৬৩(২৪)

তারিখ ঃ ২৫/০১/২০২৫খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

০৩। জেলা প্রশাসক, জয়পুরহাট।

০৪। পুলিশ সুপার, জয়পুরহাট।

০৫। সিভিল সার্জন, জয়পুরহাট।

০৬-৯। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত বিভাগ/ সড়ক ও জনপথ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট।

১০। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট।

১১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জয়পুরহাট।

১২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর, জয়পুরহাট।

১৩। সহকারী কমিশনার (ভূমি) জয়পুরহাট সদর, জয়পুরহাট।

১৪। পৌর কর্ম সম্পাদনে সহায়তাকারী সদস্যগণ, জয়পুরহাট পৌরসভা।

১৫। নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা, জয়পুরহাট।

১৬। পৌর নির্বাহি কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জয়পুরহাট পৌরসভা, জয়পুরহাট।

১৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, জয়পুরহাট।

১৮। উপ-সহকারী প্রকৌশলী (সকল), জয়পুরহাট পৌরসভা, জয়পুরহাট।

১৯। প্রশাসনিক কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, জয়পুরহাট।

২০-২১। বিজ্ঞাপন ম্যানেজার/সম্পাদক "..........................................................................." ও "..................................................................." তাদেরকে অত্র বিজ্ঞপ্তি খানা অনুলিপি অংশ ছাড়া তাদের পত্রিকায় (৩ কলাম ৬ ইঞ্চি) ০১ (এক) দিন প্রচার করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

২২। অফিস নোটিশ বোর্ড, জয়পুরহাট পৌরসভা, জয়পুরহাট।

২৩। ................................................................ কে ০২ (দুই) দিন ব্যাপকভাবে মাইক দ্বারা প্রচার করার জন্য বলা হলো।

২৪। অফিস নথি।

২৫/০১/২৫

প্রশাসক

জয়পুরহাট পৌরসভা

ফোন নং ঃ ০২৫৮৯৯১৫১৪৭

mayorjoypurhat@yahoo.com

CamScanner